# 99547 - ক্রিস্টালের উপর ছবি খোদাই করার যন্ত্র দিয়ে উপার্জন

প্রশ্ন

ক্রিস্টালের উপর খোদাই করার যন্ত্র ক্রয় করা এবং সেটি অর্থ উপার্জনে ব্যবহার করার শরয়ি হুকুম কি? যেহেতু আমি কিছু ব্যবসায়িক সুযোগের সন্ধানে সৌদির বাহিরে এক দেশে অবস্থান করছি। এই ছবিটি প্রশ্নের উদ্দেশ্যকে পরিস্কার করবে এবং যন্ত্রটি দিয়ে কাজ করার পদ্ধতিটি সুস্পষ্ট করবে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সংযুক্ত ছবিটি দেখে ও যন্ত্রটি কাজ করার পদ্ধতি অবগত হওয়ার মাধ্যমে এটি পরিস্কার হয়েছে যে, এর মাধ্যমে বিভিন্ন জিনিসের ছবি অংকন করা হয়, এরপর সেটাকে ক্রিস্টালের উপরে স্থানান্তর করা হয়। অতএব, যদি সেই ছবিটি জায়েয হয়; যেমন গাছের, পাহাড়ের, নদীর বা প্রাণ নেই এমন কিছুর ছবি তাহলে এই যন্ত্র দিয়ে কাজ করতে ও অর্থ উপার্জন করতে কোন আপত্তি নেই। আর যদি ছবিটি নিষিদ্ধ হয়; যেমন যদি সেটি মানুষ, পাখি ও প্রাণীর মত প্রাণ আছে এমন কিছুর ছবি হয় তাহলে এই যন্ত্রটি দিয়ে এই ক্ষেত্রে উপার্জন করা নাজায়েয।

আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে প্রাণ আছে এমন কিছুর ছবি কাগজ বা এ জাতীয় স্থির কোন কিছুর উপর ছবি ফুটিয়ে তোলা আলেমদের মাঝে মতভেদপূর্ণ বিষয়। অগ্রগণ্য অভিমত হলো জরুরী প্রয়োজন ছাড়া এটি হারাম। ছবি অংকন হারাম হওয়া সংক্রান্ত দলিলগুলোর সার্বিকতা ও ছবি তৈরীকারীর উপর লানতের দলিলগুলোর সার্বিকতার ভিত্তিতে।

জেনে রাখুন, যে ব্যক্তি আল্লাহ্‌র জন্য কোন কিছু বাদ দেয় আল্লাহ্‌ তাকে এর চেয়ে উত্তম বদলা দেন। যে ব্যক্তি আল্লাহ্‌কে ভয় করে আল্লাহ্‌ই তাকে রিযিক দেন, বেশি দেন, যথেষ্ট পরিমাণে দেন এবং তাকে আশ্রয় দেন। হারাম উপার্জন করে নিজেকে খাওয়ানো বা নিজ পরিবারকে খাওয়ানোর মধ্যে কোন কল্যাণ নেই। প্রত্যেক যে দেহ হারামে গড়ে উঠেছে সে দেহের জন্য আগুনই উপযুক্ত।

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন হারামের বদলে হালালকে আমাদের জন্য যথেষ্ট করে দেন এবং তিনি যেন নিজ অনুগ্রহে আমাদেরকে অমুখাপেক্ষী করে দেন।

আল্লাহই সর্বজ্ঞ।